



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট  
প্রশাসন শাখা  
গাজীপুর-১৭০১  
www.bari.gov.bd



স্মারক নম্বর: ১২.২১.০০০০.০০০.০০৫.১৩.০০০২.২২.৩০৭

তারিখ: ৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**বিষয়: অবসর উত্তর ছুটি (পিআরএল) এবং অর্জিত ছুটি নগদায়ন (লাম্প গ্রান্ট) মঞ্জুরের আবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র: বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর বিধি ২৩।

উপর্যুক্ত বিষয়ে মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র দপ্তরের রেকর্ড অনুযায়ী আপনার জন্ম তারিখ ০৭-০৬-১৯৬৭ খ্রি. হওয়ায় ০৬-০৬-২০২৬ খ্রি. তারিখে আপনার বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হবে, বিধায় উক্ত দিন অপরাহ্ন হতে অবসর গ্রহণ কার্যকর হবে। তবে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের ০২-০২-২০২১খ্রিঃ ০৭.০০.০০০০.১৭১.১৩.০০৬.১৩.২২ নং প্রজ্ঞাপনের ২(খ) মোতাবেক ছুটি পাওনা সাপেক্ষে অবসর গ্রহণের জন্য নির্ধারিত উক্ত দিনটির পরবর্তী দিন হতে সর্বোচ্চ ০১ (এক) বছর পর্যন্ত ০১ (এক) জন কর্মচারী অবসর উত্তর ছুটি ভোগ করতে পারেন।

এমতাবস্থায়, আপনাকে নিম্নোক্ত কাগজপত্রসহ অবসর উত্তর ছুটি (পিআরএল) এবং অর্জিত ছুটি নগদায়ন (লাম্প গ্রান্ট) মঞ্জুরের আবেদন অত্র দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ জানানো যাচ্ছে। উল্লেখ্য যে, যদি আপনি পিআরএল শুরু ০২ (দুই) মাস পূর্বে আবেদন প্রেরণ না করেন তবে পিআরএল মঞ্জুর ও পেনশনের ক্ষেত্রে কোন জটিলতা সৃষ্টি হলে তার দায়-দায়িত্ব বারি কর্তৃপক্ষের উপর বর্তাবে না।

১) সর্বশেষ বর্ধিত বেতনের আদেশ।

২) চাকরি বইতে লিপিবদ্ধ জন্ম তারিখ ও যোগদান সম্বলিত পাতাসহ আপডেট ছুটির হিসাবের সত্যায়িত ফটোকপি।

১৬-০২-২০২৬

মো: মিজানুর রহমান খন্দকার  
উপ পরিচালক (প্রশাসন)

মিজ্ মোসাম্মৎ জোসনা বেগম (BARI1951), অফিস সহায়ক, উদ্ভিদ রোগতত্ত্ব শাখা, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, গাজীপুর।

স্মারক নম্বর: ১২.২১.০০০০.০০০.০০৫.১৩.০০০২.২২.৩০৭/১ (৭)

তারিখ: ৩ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ  
১৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, সেবা ও সরবরাহ উইং, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
- ২। পরিচালক, উদ্যানতত্ত্ব গবেষণা কেন্দ্র, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট- সংশ্লিষ্ট কর্মচারীর যদি কোন অগ্রিম কর্তন থাকে তাহলে আবেদনের মাস থেকে কর্তন স্থগিত রাখার অনুরোধ করা হলো।
- ৩। মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, এএসআইসিটি বিভাগ, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট- (ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
- ৪। উপ পরিচালক (প্রশাসন), প্রশাসন শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ৫। উপপরিচালক (অর্থ ও হিসাব), অর্থ ও হিসাব শাখা, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট।
- ৬। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট এবং
- ৭। মাস্টার ফাইল / ব্যক্তিগত নথি, .।



১৭-০২-২০২৬

মো: মিজানুর রহমান খন্দকার  
উপ পরিচালক (প্রশাসন)